## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭

### বাংলা

১. কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে হয়-
ক. সকল  খ. নিচয়
গ. বর্গ  ঘ. মালা

ব্যাখ্যাঃ • উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচন - গণ, বৃন্দ, মণ্ডলী, বর্গ
• প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচন- কুল, সকল, সব, সমূহ, গুলো।
• অপ্রাণিবাচক শব্দের বহুবচন - পুঞ্জ, মালা, রাশি, রাজি, আবলি, গুচ্ছ, দাম, নিকর, নিচয়, গ্রাম।
সঠিক উত্তর ঃ গ.

২. অভাব বুঝিয়েছে কোন উপসর্গ-
ক. বিবর্ণ  খ. বিশুদ্ধ
গ. অনুজ  ঘ. বিক্ষেপ

ব্যাখ্যাঃ সংস্কৃত উপসর্গ 'বি' এর বিভিন্ন প্রয়োগ-
বি - বিশেষরূপে অর্থে - বিধৃত, বিশুদ্ধ, বিশুষ্ক, বিজ্ঞ
অভাব অর্থে - বিবর্ণ, বিশৃঙ্খলা, বিতৃষ্ণা, বিবস্ত্র
বিপরীতভাব অর্থে - বিকর্ষণ, বিকাল, বিদেশ
গতি অর্থে - বিচরণ, বিক্ষেপ
অপ্রকৃতস্থ অর্থে - বিকার, বিপর্যয়
সঠিক উত্তর ঃ ক.

৩. 'আমাদের একটি গল্প বলুন।' -এই বাক্যে 'আমাদের' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ষষ্ঠী  খ. অপাদানে সপ্তমী
গ. কর্মে ষষ্ঠী  ঘ. অধিকরণে সপ্তমী

ব্যাখ্যাঃ ক্রিয়াকে 'কাকে' দ্বারা প্রশ্ন করে উত্তর পাওয়া গেলে তা কর্ম কারক। আর শব্দে বিভক্তি হিসেবে 'র' এর থাকলে তা ষষ্ঠী বিভক্তি। সুতরাং, এ বাক্যে 'আমাদের' কর্মে ষষ্ঠী বিভক্তি।
সঠিক উত্তর ঃ গ.

৪. আহার প্রস্তুত না হওয়ায় কমলাকান্ত হুঁকা হাতে কী ভাবছিলেন?
ক. তিনি যদি সক্রেটিস হতেন
খ. তিনি যদি নেপোলিয়ন হতেন
গ. তিনি যদি এরিস্টটল হতেন
ঘ. তিনি যদি বাল্মীকি হতেন

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

৫. ছোটবেলায় অনুপম পণ্ডিতমশাইয়ের বিদ্রূপের পাত্র হয়েছিল কেন?
ক. দেখতে কদর্য ছিল বলে
খ. সুন্দর চেহারার জন্য
গ. একটি কানে কম শুনত বলে
ঘ. পড়ায় মনোযোগ ছিল না বলে

ব্যাখ্যাঃ 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু লাইন-
• ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া বিদ্রূপ করিবার সুযোগ পাইয়াছিলেন।
• আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোট ভাইটি।
• মৃত্যুতে তিনি যে হাফ ছাড়িলেন সেই তার প্রথম অবকাশ।
• ফল্গুর বালির মতো তিনি আমাদের সমস্ত সংসারটিকে নিজের অন্তরের মধ্যে শুষিয়া লইয়াছেন।
• মাতার আদেশ মানিয়া চলিবার ক্ষমতা আমার আছে- বস্তুত না মানিবার ক্ষমতা আমার নাই।
সঠিক উত্তর ঃ খ.

৬. নিচের কোন কবির জন্ম বৃহত্তর ঢাকা জেলায়-
ক. সৈয়দ শামসুল হক  খ. সুকান্ত ভট্টাচার্য
গ. শামসুর রাহমান  ঘ. আহসান হাবীব

ব্যাখ্যাঃ বৃহত্তর ঢাকা জেলায় জন্মগ্রহণকারী কবি সাহিত্যিক-
• কায়কোবাদ - ১৮৫৭ সালের ঢাকার নবাবগঞ্জের আগলা পূর্বপাড়া গ্রামে।
• আবু জাফর শামসুদ্দীন - ১৯১১ সালে গাজীপুর জেলার দক্ষিণবাগ গ্রামে।
• মুনীর চৌধুরী - ১৯২৫ সালে ঢাকার মানিকগঞ্জে।
• শামসুর রাহমান - ১৯২৪ সালে পুরান ঢাকার মাহুতটুলীতে
• আলাউদ্দিন আল আজাদ - ১৯৩২ সালে নরসিংদী জেলার রায়পুরা উপজেলার রামনগর গ্রামে।
সঠিক উত্তর ঃ গ.

৭. 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।' -এই প্রবচনটি রয়েছে যে রচনায়-
ক. অপরিচিতা  খ. চাষার দুক্ষু  গ. বিড়াল  ঘ. আহ্বান

ব্যাখ্যাঃ 'বিড়াল' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• আমি চুরিই করি, আর যাই করি আমি তোমার ধর্ম সঞ্চয়ের মূলীভূত কারণ
• অধর্ম চোরের নহে চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর।
• দরিদ্রের জন্য ব্যথিত হইলে তোমাদের কি কিছু অগৌরব আছে?
• সকলেই পরের ব্যথায় ব্যথিত হইতে রাজি। তবে ছোটলোকের দুঃখ কাতরা ছি। কে হইবে?
• কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।
সঠিক উত্তর ঃ গ.

৮. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কাব্যনাট্যাংশে জ্যোৎস্নার সাথে কী ঝরে পড়ে?
ক. নদীর অশ্রু  খ. স্মৃতির দুধ  গ. পাহাড়ি ঢল  ঘ. আমার স্বপ্ন

ব্যাখ্যাঃ "নূরলদীনের কথা মনে পড়ে যায়" কবিতার গুরুত্বপূর্ণ পংক্তি-
• আসুন, আসুন তবে, আজ এই প্রশস্ত প্রান্তরে
যখন স্মৃতির দুধ জ্যোৎস্নার সাথে ঝরে পড়ে।
• সমস্ত নদীর অশ্রু অবশেষে ব্রহ্মপুত্রে মেশে,
নূরলদীনের কথা যেন সারা দেশে।
• আমার মিনতি আজ স্থির হয়ে বসুন সকলে
অতীত হঠাৎ হাতে হানা দেয় মানুষের বন্ধ দরোজায়।
সঠিক উত্তর ঃ খ.

৯. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?
ক. অশ্রুজল  খ. সপরিবার  গ. ইদানীংকালে  ঘ. জন্মবার্ষিকী

ব্যাখ্যাঃ শব্দের অপপ্রয়োগজনিত কিছু ভুল-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অশ্রুজল | অশ্রু | আয়ত্তাধীন | আয়ত্ত |
| ইদানীংকালে | ইদানিং | খাঁটি গরুর দুধ | গরুর খাঁটি দুধ |
| সমৃদ্ধশালী/সম্পদশালী | সমৃদ্ধ | একত্রিত | একত্র |
| কেবলমাত্র | কেবল/মাত্র | শুধুমাত্র | শুধু/মাত্র |
| জন্মবার্ষিকী | জন্মবার্ষিক | ভাষাভাষী | ভাষী |

সঠিক উত্তর ঃ খ.

১০. 'ধ্বস্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ-
ক. ধস  খ. ধ্বংস  গ. ধ্বস  ঘ. ধাষ্ট্য

ব্যাখ্যাঃ

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| ধ্বংস | ধ্বস্ত | প্রেরণ | প্রণোদিত |
| লোভ | লুব্ধ | নিদ্রা | নিদ্রালু |
| মেয়ে | মেয়েলি | গো | গব্য |
| মূল | মৌলিক | সন্ধ্যা | সান্ধ্য |
| সংখ্যা | সাংখিক | ঘর | ঘরোয়া |

সঠিক উত্তর ঃ খ.

১১. নিচের কোনটি শুদ্ধ?
ক. পুষ্প + অঞ্জলি = পুষ্পাঞ্জলী  খ. মহা + ঈশ্বর = মহীশ্বর
গ. বহ্নি + উৎসব = বহ্ন্যুৎসব  ঘ. সৎ + চিন্তা = সুচিন্তা

ব্যাখ্যাঃ পুষ্প + অঞ্জলি = পুষ্পাঞ্জলি
সু + পথ = সুপথ
মহা + ঈশ্বর = মহেশ্বর
সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১২. 'ক্ষণজন্মা' নিচের কোনটির সংক্ষিপ্ত রূপ?
ক. ক্ষণকালের জন্য জন্ম খ. স্বল্পায়ু যার
গ. শুভক্ষণে জাত ঘ. জন্মের ক্ষণ

ব্যাখ্যা: শুভক্ষণে জন্মেছে এমন - ক্ষণজন্মা
জন্মে নাই যা - অজ
দু'বার জন্মে যা - দ্বিজ
পিতার মৃত্যুর পর জন্ম হয়েছে যার- মরণোত্তর জাতক।
সঠিক উত্তর ঃ গ.

১৩. 'তিনি রাশভারী হলেও মূলত হাতভারী লোক।' -বাক্যে যুক্ত 'হাতভারী' শব্দটি কী অর্থের প্রকাশক?
ক. ঔদার্য খ. ক্ষমতা
গ. কৃপণতা ঘ. দক্ষতা

ব্যাখ্যা: হাতভারী - কৃপণস্বভাব
সোনার পাথর বাটি - অলীক বস্তু
লগন চাঁদা - ভাগ্যবান
গাছ পাথর - হিসাব-নিকাশ
নিরানব্বইয়ের ধাক্কা - সঞ্চয়ের প্রবৃত্তি
সঠিক উত্তর ঃ গ.

১৪. 'আহ্বান' গল্পে গল্পকথক বুড়ির কাছ থেকে পেত-?
ক. লেবু, আম, কুমড়ো, কাঁচকলা
খ. বেল, চাঁপাকলা, জাম, আমড়া
গ. আম, পেয়ারা, কাঁঠাল, কুমড়ো
ঘ. কাঁচকলা, লেবু, আম, লাউ

ব্যাখ্যা: 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ তথ্য-
- গল্পগথক বুড়ির কাছ থেকে পেত - আম, পাতি লেবু, কাঁচকলা, কুমড়ো।
- বুড়ি ময়লা ছোঁড়া কাপড়ের প্রান্ত থেকে বের করল - গোটাকতক আম।
- গল্পকথকের পৈতৃক বাড়ি - ভেঙ্গেচুরে ভিটিতে জঙ্গল গজিয়াছে।
- গল্পকথক প্রথম বুড়ির সন্ধান পেলেন - আমগাছের ছায়ায়।
- বুড়ির মৃত্যুর খবর গল্পকথককে জানালেন - পরশু সর্দারের বউ।

সঠিক উত্তর ঃ ক.

১৫. 'পরদোষে কে চাহে মজিতে?' -উক্তিটি কার?
ক. বিভীষণের খ. রাবণের
গ. মেঘনাদের ঘ. লক্ষ্মণের

ব্যাখ্যা:
মহামন্ত্র-বলে যথা নম্রশিরঃ ফণী
মলিনবদন লাজে, উত্তরিলা রথী
রাবণ-অনুজ, লক্ষি রাবণ-আত্মজে;
-------------------------------------
তেঁই আমি। পরদোষে কে চাহে মজিতে
সঠিক উত্তর ঃ ক.

১৬. 'নাত-জামাই' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য-
ক. নাতির জামাই খ. যে নাতি সে-ই জামাই
গ. নাতি রূপ জামাই ঘ. নাতনির জামাই

ব্যাখ্যা: নাতজামাই - নাতনীর জামাই - ষষ্ঠী তৎপুরুষ
বনস্পতি - বনের পতি - ষষ্ঠী তৎপুরুষ
জনগণ - জনের গণ - ষষ্ঠী তৎপুরুষ
অকালপক্ক - অকালে পক্ক - সপ্তমী তৎপুরুষ
মনগড়া - মনে মনে গড়া - সপ্তমী তৎপুরুষ
সর্বশ্রেষ্ঠ - সর্বের মধ্যে শ্রেষ্ঠ - সপ্তমী তৎপুরুষ
সঠিক উত্তর ঃ ঘ.

১৭. সুপ্রকাশ কোনটি?
ক. পেট পরিষ্কার করা খ. থুতু ফেলা
গ. নাক ঝাড়া ঘ. ঢেঁকুর তোলা
সঠিক উত্তর ঃ ক.

১৮. 'নমনীয়তা'র বিপরীত শব্দ-
ক. দৃঢ়তা খ. শক্তিময়তা গ. সদাশয়তা ঘ. কর্কশতা

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-

| | | | |
|---|---|---|---|
| তাপ | শৈত্য | নিমগ্ন | উদাসীন |
| তেজ | নিস্তেজ | প্রকৃতি | বিকৃতি |
| দুস্কৃত | সুকৃত | তেজি | মন্দা |
| তদীয় | মদীয় | ঔচিত্য | অনৌচিত্য |
| নির্মল | পঙ্কিল | নমনীয়তা | দৃঢ়তা |

সঠিক উত্তর ঃ ক.

১৯. 'He was out in reckoning' -বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ-
ক. তার গোনায় ভুল হয়েছিল খ. তার শোনায় ভুল হয়েছিল
গ. সে চিনতে ভুল করেছিল ঘ. তার মাথা খারাপ হয়েছিল

ব্যাখ্যা: He was out in reckoning - তার গোনায় ভুল হয়েছিল
He is out of luck - তার পোড়া কপাল
He was taken to task - তাকে তিরস্কার করা হয়েছিল
The car turned turtle - গাড়িটি বাক ফিরাল।
সঠিক উত্তর ঃ ক.

২০. কোনটি উপসর্গযুক্ত শব্দ নয়-
ক. নির্মাণ খ. নিলাম গ. নির্মূল ঘ. নিতল

ব্যাখ্যা: 'নিলাম' পর্তুগিজ শব্দ।
সঠিক উত্তর ঃ খ.

২১. 'রজ্জুতে সর্পজ্ঞান' বাগধারাটির অর্থ-
ক. আচমকা বিপদ খ. সাপকে দড়ি দিয়ে বাঁধা
গ. জাদুকরী বিদ্যা অর্জন করা ঘ. বিভ্রম

ব্যাখ্যা: রজ্জুতে সর্পজ্ঞান - বিভ্রম
নাড়াবুনো - মুর্খ
ধর্মের কল - সত্য
টীকাভাষ্য - দীর্ঘ আলোচনা
ঝড়ো কাক - দুর্দশাগ্রস্থ ব্যক্তি
গোবৈদ্য - আনাড়ি চিকিৎসক
সঠিক উত্তর ঃ ঘ.

২২. 'সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।' বাক্যটি-
ক. সন্দেহবাচক খ. অনুজ্ঞাবাচক গ. ইচ্ছাবাচক ঘ. কার্যকারণবাচক

ব্যাখ্যা: বিবৃতিমূলক বাক্য - আমি বলতে চাই।
প্রশ্নবোধক বাক্য - বাড়ি থেকে আসছ বুঝি?
অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য - চুপটি করে বস।
ইচ্ছাসূচক বাক্য - সারাদিন আমি যেন ভাল হয়ে চলি।
কার্যকরণ বাচক বাক্য -কষ্ট না করলে কেষ্ট মেলে না।
সন্দেহদ্যোতক বাক্য - সম্ভবত আগামী মাসে পরীক্ষার ফল বেড়োবে।
বিস্ময় বা আবেগসূচক বাক্য - বাহ্, সুন্দর লিখেছ তো!
সঠিক উত্তর ঃ গ.

২৩. "রক্তে আমার অনাদি অস্থি" কবিতায় কয়টি নদীর কথা বলা হয়েছে?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমের 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার কিছু তথ্য-
- কবি যৌবন চান - পদ্মার কাছে; প্রেম চান - যমুনার কাছে।
- কবিতাটি উৎসর্গ করা হয়েছে - কবীর চৌধুরীকে।
- প্রবহমান নদীর বাঁকে বাঁকে পাতা আছে - মৃত্যুর ফাঁদ/মুগ্ধ মরণ।
- মোট নদীর নাম এসেছে - ৬টি - পদ্মা, মেঘনা, যমুনা, সুরমা, গঙ্গা, কর্ণফুলী।
- মোট চরণ সংখ্যা - ২৪টি।
- প্রথম প্রকাশিত হয় - ১৯৮১ সালে সিলেট থেকে।

সঠিক উত্তর ঃ ঘ.

২৪. একতারার কথা উল্লেখ করা হয়েছে কোন কবিতায়?
ক. ঐকতান খ. সাম্যবাদী গ. তাহারেই পড়ে মনে ঘ. ফেব্রুয়ারি ১৯৬৯

ব্যাখ্যা: ঐকতান কবিতায়-
বাদ্যযন্ত্র - একতারা, বাঁশি
পেশার নাম - কবি, চাষি, তাঁতি, জেলে
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৫. 'শুনে বুকটা তার টিপটিপ করছিল।' -এখানে 'টিপটিপ' -
ক. সমুচ্চয়ী অব্যয় খ. অনন্বয়ী অব্যয়
গ. অনুসর্গ অব্যয় ঘ. অনুকার অব্যয়

ব্যাখ্যা: অব্যয় চার প্রকার, নিচে প্রকারভেদ গুলো চেনার উপায় দেয়া হল
সমুচ্চয়ী অব্যয় ঃ- কয়েক প্রকার হতে পারে। যথা:-
সংযোজক অব্যয়: ও, তাই, আর, অধিকিন্তু, যদি ইত্যাদি।
বিয়োজক অব্যয়: কিংবা, অথচ, কিন্তু ইত্যাদি।
সংকোচক অব্যয়: তবু, তথাপি, বরং ইত্যাদি।
অনন্বয়ী অব্যয় ঃ- এই অব্যয় বাক্যের অন্য পদের সাথে সম্পর্ক না রেখে স্বাধীন ভাবে ব্যবহৃত হয়। যেমন:- মরি মরি; ছি ছি; ওগো; আহা!; ইত্যাদি।
অনুসর্গ অব্যয় ঃ- বিশেষ্য বা সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে এবং কারকের মত ক্রিয়া করে। যেমন : 'ওকে দিয়ে কাজ হবে না'।
অনুকার অব্যয় ঃ- বিভিন্ন ধ্বনি, শব্দ, রব এর অনুকরণে হবে। যেমন : কড় কড়; ঝম ঝম; টুং টাং; মর মর; চক চক, টিপটিপ ইত্যাদি।
সঠিক উত্তর ঃ ঘ.

## English

**Read the following passage and answer questions 1 - 5**

Dolphins are regarded as the friendliest creatures in the sea and stories of them helping drowning sailors have been common since Roman times. The more we learn about dolphins, the more we realize that their society is more complex than people previously imagined. They look after other dolphins when they are ill, care for pregnant mothers and protect the weakest in the community, as we do. Some scientists have suggested that dolphins have a language but it is much more probable that they communicate with each other without needing words. Could any of these mammals be more intelligent than man? Certainly the most common argument in favor of man's superiority over them- that we can kill them more easily than they can kill us - is the least satisfactory. On the contrary, the more we discover about these remarkable creatures, the less we appear superior when we destory them.

**1. It is clear from the passage that dolphins______.**
A. don't want to be with us as much as we want to be with them
B. are proven to be less intelligent than once thought
C. have a reputation for being friendly to humans
D. are capable of learning a language and communicating with humans

ব্যাখ্যা: Passage - এর প্রথম Sentence - এ উল্লেখ আছে- Dolphins are regarded as the friendliest creatures in the sea সে হিসেবে অপশন (C) Perfect.
**Ans : C.**

**2. The fact that the writer of the passage thinks that we can kill dolphins more easily than they can kill us _____.**
A. means that they are better adapted to their environment than we are
B. shows that dolphins have a very sophisticated form of communication
C. proves that dolphins are not the most intelligent species at sea
D. does not mean that we are superior to them

ব্যাখ্যা: Passage এ আছে, Could any of these .......... more intelligent than man? Certainly ............ man's superiority over them .......... they can kill us ....... the less we ........ we destroy them.
**Ans : D.**

**3. One can infer from reading the passage that ____.**
A. dolphins have some social traits that are similar to those of humans
B. communication is the most fascinating aspect of the dolphins
C. dolphins have skills that no other living creatures have, such as the ability to think
D. it is not usual for dolphins to communicate with each other

ব্যাখ্যা: Passage এর তৃতীয় Sentence আছে- They look after .............. as we do. অর্থাৎ মানুষের মত ডলফিনেরও সামাজিক বৈশিষ্ট্য (Social traits) আছে।
**Ans : A.**

**4. The passage seems to suggest that**
A. Man is not a mammal
B. Man is the most intelligent mammal
C. There could be more intelligent mammals than man
D. Dolphins are the only intelligent mammals.

ব্যাখ্যা: Passage এ উল্লেখ করা আছে, Could any of these ....... intelligent than man?
**Ans : C.**

**5. According to the passage**
A. Sailors have helped drowning dolphins since the Roman times.
B. Dolphins have drowned sailors since the Roman times
C. Drowning sailors and dolphins have been helping each other since the Roman times.
D. Dolphins have been helping drowning sailors since the Roman times

ব্যাখ্যা: Passage এর ১ম Sentence এ বলা হয়েছে .......... of them helping drowning sailors ............ since Roman times.
**Ans : D.**

***Which of the following sentence is correct (6 - 7)***

**6.** A. Doctor suggested patient to take vacation
B. Learning the French isn't easy
C. We had great time on the top of mountain
D. He likes listening to music at night

ব্যাখ্যা: • অপশন (A) তে The doctor suggested that the Patient should take vacation হবে।
• অপশন (B) তে The French হবে না French হবে।
• অপশন (C) তে On the top of the mountain হবে।
**Ans : D.**

**7.** A. More you read, less you understand
B. The more you read, the less you understand
C. The more you read, less you understand
D. More you read, the less you understand

ব্যাখ্যা: "যত ...... তত" অর্থ প্রকাশে comparative degree করতে হয়। এটার গঠন হচ্ছে
The + Comparative + ........ + the + Comparative
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**8. Choose the correctly spelled word**

A. Occassionally B. Ocassionally
C. Occasionaly D. Occasionally

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু Correct Spelling-

| | |
|---|---|
| Obscene | Onomatopoeia |
| Occasion | Opportunity |
| Occurrence | Oppression |
| Octopus | Orchestra |
| Omission | Occasionally |

Ans : D.

*Choose the correct preposition (9 - 10)*

**9. My father was angry _____ me.**

A. with B. at
C. of D. on

ব্যাখ্যা: Angry with - ব্যক্তির সাথে রাগান্বিত হওয়া
Angry for - কোনো কিছু করার জন্য রাগান্বিত
Angry at - কোনো বস্তু বা জিনিসের প্রতি রাগান্বিত হওয়া
Ans : A.

**10. London lies _____ the Thames.**

A. over B. under
C. on D. at

ব্যাখ্যা: কোনো কিছুর 'তীরে' অবস্থিত বুঝাতে Preposition 'on' বসে। এখানে, London, thames নদীর তীরে অবস্থিত।
Ans : C.

**11. Which one of the following is not a synonym for 'anxiety'?**

A. disquiet B. apprehension
C. unease D. indifference

ব্যাখ্যা: • Anxiety - উদ্বেগ/দুশ্চিন্তা।
• Disquiet, Apprehension, Unease - উদ্বেগ/অশান্তি।
• Indiference - উদাসীনতা/অমনোযোগ
Ans : D.

**12. What is the antonym for 'turbulence'?**

A. tranquility B. disorder
C. disturbance D. rupture

ব্যাখ্যা: Turbulence - হাঙ্গামা/কোলাহল
**Synonym:** Noise, Uproar, Turmoil, Obstinacy
**Antonym:** Peace, tranquility, Serenity, Calm
Ans : A.

*Complete the statements with appropriate choices (13 - 15)*

**13. The Bangladesh girls' football team beat the Indian girls' team 2-1 with a ____ minute goal.**

A. first B. injury
C. penalty D. last

ব্যাখ্যা: শেষ মিনিটের গোল বোঝাতে last minute goal বসবে।
Injury minute goal - অতিরিক্ত সময়ের গোল।
এখানে, শেষ (last) মিনিটের গোলের সাথে সাথে Bangladesh girls football team, Indian girl's football team - কে 2-1 গোলে হারাল।
Ans : D.

**14. The doctor _____ checked the patient and found only minor problems.**

A. casually B. reluctantly
C. thoughtfully D. thoroughly

ব্যাখ্যা: • Throughty - পুঙ্খানুপুঙ্খভাবে
• Casually - অনিয়মিত, অসতর্ক
• Reluctant - বাধাদায়ক, প্রতিরোধক
• Thoughtfully - বিবেচনাপূর্বক
The doctor পুঙ্খানুপুঙ্খভাবে (thoroughly) patient কে check করল এবং শুধু সামান্য (minor) কিছু সমস্যা দেখতে পেল।
Ans : D.

**15. The referee blew the whistle to end the game _____ there were two minutes left.**

A. therefore B. although C. since D. however

ব্যাখ্যা: যদিও (Although) খেলার ২ মিনিট বাকী ছিল, তবুও Referee খেলা শেষের বাঁশি বাজাল। "যদিও ... তবুও" - বোঝাতে though / although ব্যবহার করা হয়।
Ans : B.

*Choose the word that is closest in meaning to the word in italics (16 - 17)*

**16. Sweet are the uses of *adversity*.**

A. university B. publicity
C. difficulty D. uncertainty

ব্যাখ্যা: Adversity - দুর্দশা বা প্রতিকূল।
Difficulty অর্থ - দুঃসাধ্য/কষ্টসাধ্য।
**Synonym** : Affliction, Hardship, Difficulty
**Antonym** : Favor, Fortune, Prosperity
Ans : C.

**17. Speech was given to man to *conceal* his thoughts.**

A. reveal B. hide C. express D. argue

ব্যাখ্যা: • Conceal - গোপন করা / লুকানো
• Hide - লুকানো
**Synonym** - Beard, Camouflagge, Cover, Hide, Obscure
**Antonym** - Disclose, Divulge, Reveal
Ans : B.

**18. I *went after* my dream and now I am a published writer. The underlined phrase means-**

A. pursued B. obtained
C. got D. proceeded

ব্যাখ্যা: • Go after - পশ্চাদগমন করা/পিছু পিছু ছোটা।
• Pursue - পশ্চাদনুসরণ করা/ পেছনে ছোটা
এখানে, স্বপ্নের পদাংক অনুসরণ করা বলা হয়েছে।
Ans : A.

**Choose the best option (19 - 21)**

**19. If I had known he was in trouble I _____ helped.**

A. Would B. Would have
C. Should have D. have had

ব্যাখ্যা: Sentence টি third Condition এর উদাহরণ-
If + Sub + had + v (p.p) + Object, I + would/could/might + have + v (p.p) + object.
Ans : B.

**20. Raju is someone you can _____ your confidence.**

A. get into B. take into
C. build up D. boost up

ব্যাখ্যা: Boost somebody's confidence - আত্মবিশ্বাস বৃদ্ধি করা।
Build up somebody's confidence - আত্মবিশ্বাস বৃদ্ধি করা।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. I could not figure ____ what the teacher was talking _____.**

A. into, on B. by, on
C. on, about D. out, about

ব্যাখ্যা: আমি বুঝতে পারিনি যা সম্পর্কে শিক্ষক বলছিলেন।
Figure out - বুঝতে পারা/খুজে বের করা/সমাধান বের করা।
Talking about - কোনো বিষয় সম্পর্কে বলা।
**Ans : D.**

***Choose the correct pronoun (22 - 23)***

**22. _____ among you are from Class XII?**

A. Who B. Which
C. Whom D. Whose

ব্যাখ্যা: ব্যক্তির ক্ষেত্রে who বসে। বস্তুর ক্ষেত্রে which/that বসে।
who - subjective
whom - objective
whose - possessive
Interrogative sentence এ প্রশ্ন করতে WH Question এর subjective form ব্যবহৃত হয়।
**Ans : A.**

**23. The first half of the game belonged to us, the second half to _____.**

A. they B. their C. those D. them

ব্যাখ্যা: Preposition এর পরে Pronoun এর objective form বসে।
- They - Subjective
- Them - Objective

**Ans : D.**

**Choose the verb that agrees with the subject (24 - 25)**

**24. The batsman ____ the ball with all his might.**

A. striked B. struck
C. stroke D. streaked

ব্যাখ্যা: • Strike - আঘাত করা
• Stroke - হাত বুলাইয়া দেওয়া,
ব্যাটস্ম্যান তার সমস্ত শক্তি দিয়ে বলে আঘাত করেছিল।
• Strike - Struck - Stricken
• Stroke - Stroked - Stroked
**Ans : B.**

**25. I am used to _____ coffee in the morning now.**

A. drink B. drank
C. drinking D. drunk

ব্যাখ্যা: (i) Subject + used to + Verb (base form)
(ii) Subject + Be(v)/get + used to + [verb + ing] +
**Ans : C.**

## বাংলাদেশ বিষয়াবলি

**১. 'বাংলাদেশ স্কয়ার' কোথায় অবস্থিত?**

ক. লাইবেরিয়া খ. মৌরিতানিয়া
গ. বুরুন্ডি ঘ. মোজাম্বিক

ব্যাখ্যা: বিশ্বের উল্লেখযোগ্য স্কয়ার-

| স্কয়ার | অবস্থান | স্কয়ার | অবস্থান |
|---|---|---|---|
| বাংলাদেশ স্কয়ার | লাইবেরিয়া | তিয়েন-আনমেন স্কয়ার | বেইজিং, চীন |
| টাইমস স্কয়ার | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | তাহরির স্কয়ার | কায়রো, মিশর |
| ট্রাফালগার স্কয়ার | লন্ডন, যুক্তরাজ্য | গ্রিন স্কয়ার | ত্রিপোলি, লিবিয়া |
| রেড স্কয়ার | মস্কো, রাশিয়া | পার্ল স্কয়ার | মানামা, বাহরাইন |

**সঠিক উত্তর ঃ ক.**

**২. বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালকে কোথায় সমাধিস্থ করা হয়েছে?**

ক. আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া খ. চরফ্যাশন, ভোলা
গ. মুকসুদপুর, গোপালগঞ্জ ঘ. বিক্রমপুর, মুন্সিগঞ্জ

ব্যাখ্যা: সাতজন বীরশ্রেষ্ঠ পরিচিতি-

| বীরশ্রেষ্ঠের নাম | কর্মস্থল | পদবী | সেক্টর | মৃত্যু | সমাধিস্থল |
|---|---|---|---|---|---|
| নূর মোহাম্মদ শেখ | EPR | ল্যান্স নায়েক | ৮ নং | ৫ সেপ্টেম্বর ১৯৭১, যশোর | কাশিমপুর, যশোর |
| মোস্তফা কামাল | সেনাবাহিনী | সিপাহী | ২ নং | ১৭ এপ্রিল ১৯৭১, দরুইন, ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া |
| মুন্সী আব্দুর রউফ | EPR | ল্যান্স নায়েক | ১ নং | ২০ এপ্রিল ১৯৭১, রাঙ্গামাটি | কালুরঘাট, চট্টগ্রাম |
| মহিউদ্দিন জাহাঙ্গীর | সেনাবাহিনী | ক্যাপ্টেন | ৭ নং | ১৪ ডিসেম্বর ১৯৭১, চাঁপাই নবাবগঞ্জ | সোনামসজিদ, চাঁপাইনবাবগঞ্জ |
| রুহুল আমিন | নৌবাহিনী | স্কোয়াড্রন ইঞ্জিঃ | ১০ নং | ১০ ডিসেম্বর ১৯৭১, রূপসা খুলনা | রূপসা, খুলনা |
| হামিদুর রহমান | নৌবাহিনী | সিপাহী | ৪ নং | ২৮ অক্টোবর ১৯৭১, মৌলভী বাজার | ২০০৭ সালের ১১ ডিসেম্বর মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে |
| মতিউর রহমান | বিমানবাহিনী | ফ্লাইট লেফটেন্যান্ট | | ২০ আগস্ট ১৯৭১, গ্রাম ঃ বিন্দা, ভারত | ২৪ জুন ২০০৬, মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে |

**সঠিক উত্তর ঃ ক.**

**৩. স্বাধীন বাংলাদেশে নির্মিত দেশের প্রথম সমুদ্র বন্দরের নাম কী?**

ক. পতেঙ্গা সমুদ্র বন্দর খ. পায়রা সমুদ্র বন্দর
গ. কুয়াকাটা বন্দর ঘ. মংলা সমুদ্র বন্দর

ব্যাখ্যা: বাংলাদেশের সমুদ্রবন্দর-

| ক্রমিক | সমুদ্রবন্দর | প্রতিষ্ঠা | অবস্থান |
|---|---|---|---|
| প্রথম | চট্টগ্রাম সমুদ্রবন্দর | ২৫ এপ্রিল, ১৮৮৭ | চট্টগ্রাম, কর্ণফুলী নদীর তীরে |
| দ্বিতীয় | মংলা সমুদ্রবন্দর | ১ ডিসেম্বর ১৯৫০ | বাগেরহাট, পশুর নদীর তীরে |
| তৃতীয় স্বাধীন বাংলাদেশে ১ম | পায়রা সমুদ্রবন্দর | ২০১৩ | কলাপাড়া, পটুয়াখালী, রাবনাবাদ চ্যানেলে |

**সঠিক উত্তর ঃ খ.**

**৪. ২০১৬ সালে নিচের কোন নারীকে মুক্তিযোদ্ধার মর্যাদা দেয়া হয়েছে?**

ক. জাহানারা ইমাম খ. আইভি রহমান
গ. ফেরদৌসী প্রিয়ভাষিণী ঘ. সুফিয়া কামাল

ব্যাখ্যা: • ফেরদৌসী প্রিয়ভাষিণী বাংলাদেশের একজন প্রখ্যাত ভাস্কর।
• তিনি নিজেকে বীরাঙ্গনা (বাংলাদেশের মুক্তিযুদ্ধে) হিসেবে ঘোষণা করেন।
• ২০১৬ সালে তিনি নারী মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি লাভ করেন।
• তিনি ২০১০ সালে স্বাধীনতা পদক লাভ করেন।
**সঠিক উত্তর ঃ গ.**

**৫. বাংলাদেশের জাতীয় প্রতীকে যে তারকাগুলো রয়েছে তা দিয়ে কী বুঝানো হয়েছে?**

ক. অর্থনীতি খ. অঙ্গীকার
গ. লক্ষ্য ও উচ্চাকাঙ্ক্ষা ঘ. বাহাত্তরের সংবিধানের মূলনীতিসমূহ

ব্যাখ্যা: • জাতীয় প্রতীকের ৪টি তারকা দিয়ে বোঝানো হয়েছে - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪টি মূলনীতি।
• বাংলাদেশের জাতীয় প্রতীকের উভয়পার্শ্বে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পরযুক্ত পাতা, তার উভয়পার্শ্বে দুটি করে তারকা।
• জাতীয় প্রতীক ব্যবহারের অধিকারী - রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।
• বাংলাদেশের জাতীয় প্রতীকের ডিজাইনার - কামরুল হাসান।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**৬. বর্তমানে দেশের সর্বমোট উৎপাদিত মাছের শতকরা কত ভাগ ইলিশ?**

ক. প্রায় ৫০ ভাগ খ. প্রায় ১২ ভাগ
গ. প্রায় ৩৬ ভাগ ঘ. প্রায় ২৫ ভাগ

**সঠিক উত্তর ঃ খ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৭. ছেড়াদিয়া বা সিরাদিয়া কোথায় অবস্থিত?
ক. হাতিয়ায়
খ. নিঝুম দ্বীপে
গ. সেন্ট মার্টিনস দ্বীপের উত্তরে
ঘ. সেন্ট মার্টিনস দ্বীপের দক্ষিণে

ব্যাখ্যা: বাংলাদেশের উল্লেখযোগ্য দ্বীপ-

| দ্বীপের নাম | অন্য নাম | অবস্থান | বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| ছেঁড়া দ্বীপ | দিয়া বা ছেঁড়াদিয়া | সেন্টমার্টিন দ্বীপের দক্ষিণে টেকনাফ, কক্সবাজার | সর্ব দক্ষিনের দ্বীপ |
| ভোলা | – | ভোলা | বাংলাদেশের বৃহত্তম ও একমাত্র দ্বীপ জেলা |
| সেন্টমার্টিন | নারিকেল জিঞ্জিরা | টেকনাফ, কক্সবাজার | একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ |
| মহেশখালী | – | মহেশখালী, কক্সবাজার | একমাত্র পাহাড়ী দ্বীপ |
| দক্ষিণ তালপট্টি | পূর্বাশা বা নিউমুর | শ্যামনগর, সাতক্ষীরা | ভারতের সাথে বিরোধপূর্ণ দ্বীপ |
| নিঝুম দ্বীপ | চর ও সমান বা ইছামতি | হাতিয়া, নোয়াখালী | – |
| সোনাদিয়া | দিয়া বা প্যারা দ্বীপ | মহেশখালী, কক্সবাজার | – |
| মনপুরা দ্বীপ | – | মনপুরা, ভোলা | এই দ্বীপে পর্তুগীজরা বসবাস করত |
| কুতুবদিয়া দ্বীপ | – | কুতুবদিয়া, কক্সবাজার | কুতুবদিয়া বাতিঘর অবস্থিত |
| শাহপরীর দ্বীপ | – | টেকনাফ, কক্সবাজার | – |

সঠিক উত্তর ঃ ঘ.

৮. জনশ্রুতি অনুযায়ী বিখ্যাত 'ঢাকেশ্বরী মন্দিরের' প্রতিষ্ঠাতা একজন রাজা। তাঁর নাম কী?
ক. রাজা রামমোহন খ. বল্লাল সেন
গ. রাজা দেবজ্যোতি ঘ. লক্ষ্মণ সেন

ব্যাখ্যা: • ঢাকেশ্বরী মন্দিরে অবস্থিত - ঢাকায়
• প্রতিষ্ঠাতা - বল্লাল সেন
• কৌলিন্য প্রথার প্রবর্তক - বল্লাল সেন
• "দানসাগর" ও "অদ্ভুত সাগর" গ্রন্থের লেখক বল্লাল সেন।
সঠিক উত্তর ঃ খ.

৯. বেদে বা বাইদ্যা নামে পরিচিত ভ্রাম্যমাণ জনগোষ্ঠীর আদি নাম কী?
ক. আরাকান খ. মনতং
গ. রাজবংশী ঘ. বেদী

ব্যাখ্যা: • বেদেরা আরাকান রাজ্যের মনতং আদিবাসী গোত্রের অন্তর্ভূক্ত।
• ১৬৩৮ সালে আরাকানরাজ বল্ললে রাজের সাথে তারা বাংলাদেশে আসে এবং প্রথমে বিক্রমপুরে বসবাস শুরু করে।
• পরবর্তীতে তারা পশ্চিমবঙ্গ ও আসামেও ছড়িয়ে পড়ে।
সঠিক উত্তর ঃ খ.

১০. কোনটি জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র?
ক. আনোয়ারা খ. ধারাপাত
গ. নদী ও নারী ঘ. সুতরাং

ব্যাখ্যা: জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র- স্টপ জেনোসাইড, আনোয়ারা, জীবন থেকে নেয়া, লেট দেয়ার বি লাইট।
সঠিক উত্তর ঃ ক.

১১. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহিদ আবুল বরকতের ডাক নাম কী ছিল?
ক. খোকা খ. আবু
গ. আবুল ঘ. আবাই

ব্যাখ্যা: • ভাষা শহীদ আবুল বরকতের ডাক নাম - আবাই।
• আবুল বরকতের জন্ম - ১৩ জুন ১৯২৭, পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বাবলা গ্রামে।
• আবুল বরকত ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র ছিলেন (মাস্টার্স অধ্যয়নরত)।
• তিনি ২০০০ সালে মরনোত্তর একুশে পদক লাভ করেন।
• সমাধিস্থল ঃ আজিমপুর পুরাতন কবরস্থান।
সঠিক উত্তর ঃ ঘ.

১২. কোন বাংলাদেশি প্রথমবারের মতো ২০১৬ রিও অলিম্পিকে সরাসরি খেলার গৌরব অর্জন করেন?
ক. শ্যামলী রায় খ. মেজবাহ্ আহ্মেদ
গ. ছিদ্দিকুর রহমান ঘ. আব্দুল্লাহ্ হেল বাকী

ব্যাখ্যা: • সিদ্দিকুর রহমান ২০১৬ সালের রিও অলিম্পিকে প্রথম বাংলাদেশি ক্রীড়াবিদ হিসেবে সরাসরি অংশগ্রহণ করার যোগ্যতা অর্জন করেন।
• এবং ২০১০ সালে তিনি বাংলাদেশের পক্ষে "প্রথম গলফার হিসেবে এশিয়ার ট্যুর শিরোপা" জয় করেন।
সঠিক উত্তর ঃ গ.

১৩. কাটার মাস্টার খ্যাত ক্রিকেটার মুস্তাফিজুর রহমান তাঁর অভিষেক একদিনের আন্তর্জাতিক ক্রিকেট সিরিজে মোট কতটি উইকেট সংগ্রহ করেন?
ক. ১১ উইকেট খ. ১৩ উইকেট
গ. ১০ উইকেট ঘ. ৯ উইকেট

ব্যাখ্যা: জুন ২০১৫ তে ভারতের বাংলাদেশের সফরকালে তিনদিনের আন্তর্জাতিকের ম্যাচের সিরিজে বাংলাদেশের মোস্তাফিজুর রহমান ১৩টি উইকেট পেয়ে ম্যান অব দি সিরিজ নির্বাচিত হন।
সঠিক উত্তর ঃ খ.

১৪. বাংলাদেশে বর্তমানে কত ধরনের সরকারি নোট প্রচলিত আছে?
ক. ৯ খ. ২
গ. ৩ ঘ. ৪

ব্যাখ্যা: • বাংলাদেশের বর্তমানে ৯ ধরনের কাগুজে নোট চালু আছে (সরকারি নোট - ৩টি এবং ব্যাংক নোট - ৬টি)।
• সরকারি ৩টি নোট - ১, ২ এবং ৫ টাকার নোট।
• সরকারি নোটে স্বাক্ষর থাকে - অর্থসচিবের।
• ব্যাংক নোট ৬টি - ১০, ২০, ৫০, ১০০, ৫০০ এবং ১০০০ টাকার নোট।
• ব্যাংক নোটে স্বাক্ষর থাকে - বাংলাদেশ ব্যাংকের গভর্নরের।
সঠিক উত্তর ঃ গ.

১৫. আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিলেন কতজন?
ক. ৩৫ খ. ২৫
গ. ১৮ ঘ. ৪৪

ব্যাখ্যা: • আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিল - ৩৫ জন (বঙ্গবন্ধুসহ)
• আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি ছিলেন - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
• আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় - জানুয়ারি ১৯৬৮।
• এবং মামলা প্রত্যাহার করা হয় - ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
সঠিক উত্তর ঃ ক.

১৬. দোয়েল চত্বর- এর স্থপতি কে?
ক. শামীম শিকদার খ. নিতুন কুন্ডু
গ. আজিজুল জলিল পাশা ঘ. রফিক আজম

ব্যাখ্যা: দেশের উল্লেখযোগ্য স্থাপত্য - স্থাপনা ও ভাস্কর্য-

| স্থাপত্য - স্থাপনা ও ভাস্কর্য | অবস্থান | স্থপতি/ভাস্কর |
|---|---|---|
| দোয়েল চত্বর | ঢাকা বিশ্ববিদ্যালয় | আজিজুল জলিল পাশা |
| শাপলা চত্বর | মতিঝিল, ঢাকা | আজিজুল জলিল পাশা |
| জাতীয় সংসদ ভবন | শেরেবাংলানগর, ঢাকা | লুই আই কান |
| কমলাপুর রেল স্টেশন | কমলাপুর, ঢাকা | বব লুই |
| চারুকলা ইনস্টিটিউট | ঢাকা বিশ্ববিদ্যালয় | মাযহারুল ইসলাম |
| টি এস সি ভবন | ঢাকা বিশ্ববিদ্যালয় | কনস্ট্যানটাইন ডক্সাইড |
| ক্যাঁকটাস | ঢাকা বিশ্ববিদ্যালয় | হামিদুজ্জামান খান |
| বেগম রোকেয়া ভাস্কর্য | রোকেয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয় | হামিদুজ্জামান খান |
| সাম্পান | শাহ আমানত বিমানবন্দর, চট্টগ্রাম | নিতুন কুন্ডু |
| সার্ক ফোয়ারা | কারওয়ান বাজার, ঢাকা | নিতুন কুন্ডু |

সঠিক উত্তর ঃ গ.

১৭. বাংলাদেশের মোট জনসংখ্যার কত অংশ হতদরিদ্র?
ক. ১০.৫ খ. ১১.৯
গ. ১২.৯ ঘ. ১৩.৬

সঠিক উত্তর ঃ গ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. শহিদ মুক্তিযোদ্ধা শাফি ইমাম রুমী মুক্তিবাহিনীর কোন গেরিলা দলের সদস্য ছিলেন?
ক. বাংলাদেশ লিবারেশন ফোর্স খ. ক্র্যাক প্লাটুন
গ. ঢাকা গেরিলা (উত্তর) ঘ. ঢাকা গেরিলা (দক্ষিণ)

ব্যাখ্যা: • শফি ইমাম রুমি ছিলেন 'ক্রাক প্লাটুন' এর একজন গেরিলা যোদ্ধা এবং শহীদ জননী খ্যাত জাহানারা ইমামের জ্যৈষ্ঠ পুত্র। জাহানারা ইমাম রচিত একাত্তরের দিনগুলির অন্যতম প্রধান চরিত্র হচ্ছে শফি ইমাম রুমি।
• "ক্রাক প্লাটুন" হচ্ছে মুক্তিযুদ্ধকালীন ঢাকা শহরে পাকিস্তানি বাহিনীদের বিরুদ্ধে অভিযান পরিচালনাকারী তরুন মুক্তিযোদ্ধাদের সংগঠিত বাহিনী।
সঠিক উত্তর ঃ খ.

১৯. বাংলাদেশ সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন?
ক. বেগম রাজিয়া বানু খ. আমেনা বেগম
গ. সৈয়দা সাজেদা চৌধুরী ঘ. মতিয়া চৌধুরী

ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধান রচনায় উল্লেখযোগ্য ব্যক্তি-

| ক্ষেত্র | ব্যক্তি |
|---|---|
| সংবিধান প্রণয়ন কমিটির প্রধান | ড. কামাল হোসেন |
| কমিটির একমাত্র নারী সদস্য | বেগম রাজিয়া বানু |
| কমিটির একমাত্র বিরোধীদলীয় সদস্য | সুরঞ্জিত সেন গুপ্ত |
| হস্তলিখিত সংবিধানের মূল লেখক | এ.কে.এম. আবদুর রউফ |
| সংবিধানের ইংরেজি লেখক | ড. কামাল হোসেন |
| সংবিধানের বাংলায় অনুবাদক | ড. আনিসুজ্জামান |
| অঙ্গসজ্জার সার্বিক বা মূল তত্ত্বাবধায়ক | শিল্পাচার্য জয়নুল আবেদিন |
| অঙ্গসজ্জায় | শিল্পী হাশেম খান |
| লিপিকরণে | এ.কে.এম. আবদুর রউফ |
| চামড়া দিয়ে বাঁধাই কাজে | সৈয়দ শাহ আবদুল শফি |

সঠিক উত্তর ঃ ক.

২০. ঢাকা বাংলার রাজধানী হয় কত সালে?
ক. ১৭১০ খ. ১৬১০ গ. ১৬৫০ ঘ. ১৬০৮

ব্যাখ্যা: • ১৬১০ সালে (মুঘল আমল) ঢাকাকে সুবে বাংলার (বাংলা প্রদেশের) রাজধানী ঘোষণা করা হয়।
• ১৬১০ সালে মুঘল সম্রাট জাহাঙ্গীরের নির্দেশে সুবেদার ইসলাম খান ঢাকা জয় করেন। নাম রাখেন জাহাঙ্গীরনগর এবং ঢাকাকে সুবে বাংলার রাজধানী হিসেবে ঘোষনা করা হয়।
সঠিক উত্তর ঃ খ.

২১. বাংলাদেশে মোট রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত?
ক. ১৭৫ খ. ৪২৬ গ. ৫৪৮ ঘ. ৬৭৬

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধে খেতাব-

| খেতাব | খেতাবধারীর সংখ্যা |
|---|---|
| বীরশ্রেষ্ঠ | ৭ জন |
| বীর উত্তম | ৬৮ জন |
| বীর বিক্রম | ১৭৫ জন |
| বীর প্রতীক | ৪২৬ জন |
| সর্বমোট খেতাবপ্রাপ্ত যোদ্ধা | ৬৭৬ জন |

সঠিক উত্তর ঃ ঘ.

২২. কোন স্থানকে ২০১৬-২০১৭ সালের জন্য সার্ক সাংস্কৃতিক রাজধানী ঘোষণা করা হয়েছে?
ক. মহাস্থানগড় খ. কাঠমুন্ডু গ. কোচি ঘ. করাচি

ব্যাখ্যা: • সার্ক সাংস্কৃতিক কেন্দ্র (কলম্বো, শ্রীলংকা) কর্তৃক "সার্ক সাংস্কৃতিক রাজধানী" ঘোষণা করা হয়।
• প্রথমবারের মতো "সার্ক সাংস্কৃতিক রাজধানী" ঘোষণা করা হয় - আফগানিস্তানের ঐতিহাসিক নগরী বামিয়ানকে।
• এবং ২০১৬ - ২০১৭ সালের জন্য "সার্ক সাংস্কৃতিক রাজধানী ঘোষণা করা হয় - বাংলার প্রাচীনতম নগরী বগুড়ার মহাস্থানগড়কে (পুন্ড্র)
সঠিক উত্তর ঃ ক.

২৩. 'মনপুরা-৭০' কী?
ক. একটি গ্রাম খ. একটি বন্দর
গ. একটি উপন্যাস ঘ. একটি চিত্রকর্ম

ব্যাখ্যা: "মনপুরা - ৭০" শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা একটি বিখ্যাত চিত্রকর্ম। জয়নুল আবেদিনের আঁকা বিখ্যাত চিত্রকর্মগুলো হচ্ছে ঃ
• "মনপুরা - ৭০"
• "ম্যাডোনা - ৪৩"
• "সংগ্রাম"
• "গায়ের বধূ"
• "নবান্ন"
• "মইটানা"
• "পাইন্যার মা" প্রভৃতি।
সঠিক উত্তর ঃ ঘ.

২৪. সম্প্রতি ভারত থেকে বাংলাদেশে প্রবেশের পর যে হাতিটি মারা যায় সেটার নাম কী?
ক. বঙ্গ-অধিপতি খ. বাংলার সাহস
গ. বঙ্গবাহাদুর ঘ. বঙ্গ-মৈত্রী

ব্যাখ্যা: • বঙ্গবাহাদুর নামক হাতিটি ভারতের আসাম রাজ্য থেকে বানের পানিতে ভেসে কুড়িগ্রামের রৌমারী সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করে (২৮ জুন ২০১৬)
• হাতিটি মারা যায় - জামালপুরের সরিষাবাড়ি উপজেলায় (১৬ আগস্ট, ২০১৬)।
সঠিক উত্তর ঃ গ.

২৫. অ্যাডভোকেট মো. আব্দুল হামিদ বাংলাদেশের কততম রাষ্ট্রপতি?
ক. ১৮তম খ. ১৯তম
গ. ২০তম ঘ. ২১তম

ব্যাখ্যা: • বাংলাদেশের ২০ তম রাষ্ট্রপতি অ্যাডভোকেট মো. আব্দুল হামিদ।
• বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
• প্রথম অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি - সৈয়দ নজরুল ইসলাম।
• বাংলাদেশের রাষ্ট্রপ্রধান - রাষ্ট্রপতি।
• রাষ্ট্রপতির মেয়াদকাল - ৫ বছর।
• সরাসরি জনগণের ভোটে নির্বাচিত রাষ্ট্রপতি - জিয়াউর রহমান।
সঠিক উত্তর ঃ গ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

১. 'আমি হিমালয় দেখিনি, আমি শেখ মুজিবকে দেখেছি।' -উক্তিটি কার?
ক. ফিদেল ক্যাস্ট্রোর খ. নেলসন ম্যান্ডেলার
গ. মার্শাল টিটোর ঘ. জন এফ কেনেডির

ব্যাখ্যা: বিখ্যাত উক্তি-

| উক্তি | উক্তিকারী |
|---|---|
| "আমি হিমালয় দেখিনি, আমি শেখ মুজিবকে দেখেছি" | ফিদেল ক্যাস্ট্রো |
| "বুলেটের চেয়ে ব্যালটই বেশি শক্তিশালী" | আব্রাহাম লিংকন |
| "মানুষ সামাজিক জীব" | এরিস্টটল |
| "নিকৃষ্ট মুদ্রা উৎকৃষ্ট মুদ্রাকে বাজার থেকে বিতাড়িত করে" | থমাস গ্রেসাম |
| "তোমরা আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদেরকে শিক্ষিত জাতি দেব" | নেপোলিয়ান |
| "সততাই সর্বোৎকৃষ্ট পন্থা" | বেনজামিন ফ্রাঙ্কলিন |

সঠিক উত্তর ঃ ক.

২. প্রথম নারী যিনি মাউন্ট এভারেস্ট জয় করেছিলেন-
ক. ক্যারোলিন মিকেলসন খ. জুনকো তাবেই
গ. ভ্যালিনটিনা তেরেশকোভা ঘ. কেউই নন

ব্যাখ্যা: • সর্বপ্রথম এভারেষ্ট জয় করেন - এডমন্ড হিলারি (নিউজিল্যান্ড) এবং শেরপা তেনজিং নোরগে (নেপাল) [২৯ মে ১৯৫৩]
• এভারেস্ট বিজয়ী প্রথম নারী - জুনকো তাবেই (১৬ মে ১৯৭৫, জাপান)
• প্রথম বাংলাদেশি এভারেস্ট বিজয়ী - মুসা ইব্রাহিম (২৩ মে ২০১০)
• এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি নারী - নিশাত মজুমদার (১৯ মে ২০১২)
সঠিক উত্তর ঃ খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩. হিলারি ক্লিনটন ২০১৬ সালের আমেরিকার নির্বাচনে কাকে তাঁর রানিং মেট হিসেবে বেছে নিয়েছেন?
ক. মাইক পেন্স খ. টিম কেইন
গ. জুলিয়ান ক্যাস্ট্রো ঘ. ক্রিস ক্রিস্টি

ব্যাখ্যা: • ২০১৬ সালের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে হিলারি ক্লিনটনের রানিং মেট ছিলেন - টিম কেইন এবং ডোনাল্ড ট্রাম্পের রানিং মেট ছিলেন - মাইক পেন্স।
• ২০১৭ সালের ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রের ৪৫ তম প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেন - ডোনাল্ড ট্রাম্প।
• এবং ৪৮ তম ও বর্তমান ভাইস প্রেসিডেন্ট-মাইক পেন্স।
সঠিক উত্তর ঃ ঘ.

৪. প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির মাত্রার ভিত্তিতে পরিমাপকৃত World Risk Index, 2016 অনুযায়ী বাংলাদেশ কততম ঝুঁকিপূর্ণ দেশ?
ক. প্রথম খ. তৃতীয় গ. পঞ্চম ঘ. ষষ্ঠ

ব্যাখ্যা: ২০২১ অনুযায়ী সপ্তম।
সঠিক উত্তর ঃ গ.

৫. ২০২০ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে-
ক. টোকিও খ. বেইজিং গ. ভেনকুভার ঘ. এথেন্স

ব্যাখ্যা: • ২০২০ সালের ৩২ তম গ্রীষ্মকালীন অলিম্পিক (আধুনিক অলিম্পিক) এর ভেন্যু - টোকিও, জাপান।
• ২৩ তম শীতকালীন অলিম্পিকের ভেন্যু - পিয়ং চ্যাং, দক্ষিণ কোরিয়া (৯ - ২৫ ফেব্রুয়ারি ২০১৮)।
• ষোড়শ গ্রীষ্মকালীন প্যারা অলিম্পিকের (প্রতিবন্ধীদের জন্য) ভেন্যু - টোকিও, জাপান (২৫ আগস্ট - ৬ সেপ্টেম্বর ২০২০)।
সঠিক উত্তর ঃ ক.

৬. আয়তনে পৃথিবীর সবচেয়ে বড়ো মুসলিম দেশ কোনটি?
ক. ইন্দোনেশিয়া খ. ইরান
গ. সৌদি আরব ঘ. কাজাকিস্তান

ব্যাখ্যা: • আয়তনে বিশ্বের বৃহত্তম মুসলিম দেশ - কাজাখস্তান।
• আয়তনে বিশ্বের ক্ষুদ্রতম মুসলিম দেশ - মালদ্বীপ।
• জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম মুসলিম দেশ - ইন্দোনেশিয়া।
• জনসংখ্যায় বিশ্বের ক্ষুদ্রতম মুসলিম দেশ - মালদ্বীপ।
সঠিক উত্তর ঃ ঘ.

৭. 'জি-২০' ফোরামে কয়টি দেশ রয়েছে?
ক. ১৮ খ. ১৯ গ. ২০ ঘ. ২১

ব্যাখ্যা: • G - 20 বা গ্রুপ অব টোয়েন্টি হচ্ছে বিশ্বের ২০টি দেশের অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের সমন্বয়ে গঠিত একটি জোট বা গ্রুপ।
• প্রতিষ্ঠিত হয় - ১৯৯৯ সালে।
• সদস্য সংখ্যা - ২০ (১৯ টি দেশ এবং ইউরোপীয় ইউনিয়ন বা EU)
সঠিক উত্তর ঃ খ.

৮. 'মানব উন্নয়ন সূচক ২০১৫' র‍্যাংকিংয়ে বিশ্বে প্রথম দেশ কোনটি?
ক. অস্ট্রেলিয়া খ. নরওয়ে গ. কানাডা ঘ. আমেরিকা

ব্যাখ্যা: ২০১৫ সালের মানব উন্নয়ন সূচকে শীর্ষ ৫টি দেশ হচ্ছে-
(১) নরওয়ে (২) অস্ট্রেলিয়া (৩) সুইজারল্যান্ড
(৪) ডেনমার্ক (৫) নেদারল্যান্ড
• সূচকে সর্বনিম্ন দেশ - নাইজার।
সঠিক উত্তর ঃ খ.

৯. নিচের কোন দেশটি 'জি-৮' -এর সদস্য নয়?
ক. ফ্রান্স খ. যুক্তরাজ্য
গ. রাশিয়া ঘ. নেদারল্যান্ডস

ব্যাখ্যা: • G - 8 বা G - 7 (Group of Seven) হচ্ছে বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের সরকার বা রাষ্ট্রপ্রধানের জোট।
• প্রতিষ্ঠিত হয় - ১৫ নভেম্বর ১৯৭৫।
• ২০১৪ সালের ২৪ মার্চ রাশিয়ার সদস্য পদ স্থগিত করার কারণে বর্তমানে সদস্য সংখ্যা - ৭টি [কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি ও জাপান।
সঠিক উত্তর ঃ গ ও ঘ.

১০. কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করেন?
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. নিউজিল্যান্ড
গ. সুইজারল্যান্ড ঘ. ইটালি

ব্যাখ্যা: বিশ্বের বিভিন্ন দেশের নারীদের ভোটাধিকার লাভ-

| দেশ | ভোটাধিকার লাভ | দেশ | ভোটাধিকার লাভ |
|---|---|---|---|
| নিউজিল্যান্ড (বিশ্বের প্রথম দেশ) | ১৮৯৩ | যুক্তরাষ্ট্র, আলবেনিয়া | ১৯২০ |
| অস্ট্রেলিয়া | ১৯০২ | তুরস্ক | ১৯৩০ |
| ডেনমার্ক, আইসল্যান্ড | ১৯১৫ | চীন | ১৯৪৯ |
| যুক্তরাজ্য, জার্মানি, রাশিয়া | ১৯১৮ | ভারত | ১৯৫০ |
| আজারবাইজান (প্রথম মুসলিম দেশ হিসেবে) | ১৯১৮ | বাংলাদেশ | ১৯৭২ |

সঠিক উত্তর ঃ খ.

১১. কাকে সবুজ বিপ্লবের জনক বলা হয়?
ক. নরম্যান বোরল্যাগ খ. হেনরি এ ওয়ালেস
গ. র‍্যাচেল কারসন ঘ. জোসেফ ওয়াটসন

ব্যাখ্যা: • বিংশ শতাব্দীর শেষার্ধে উচ্চ ফলনশীল বীজ, সার এবং সেচের পানি ব্যবহারের মাধ্যমে গম, ধান, ভুট্টা প্রভৃতির উৎপাদনে পৃথিবীর বিভিন্ন দেশে কৃষি ক্ষেত্রে অতি দ্রুত যে বিরাট সাফল্য অর্জিত হয়েছে তাকে সবুজ বিপ্লব (Green Revolution) বলা হয়।
• সবুজ বিপ্লবের জনক - নরম্যান অর্নেস্ট বোরলগ।
সঠিক উত্তর ঃ ক.

১২. The Clash of Civilizations and the Remaking of World Order গ্রন্থটি কে লিখেছেন?
ক. বিল ক্লিনটন খ. কার্ল মার্কস
গ. স্যামুয়েল পি হান্টিংটন ঘ. অমর্ত্য সেন

ব্যাখ্যা: উল্লেখযোগ্য কিছু গ্রন্থ-

| গ্রন্থের নাম | লেখক | গ্রন্থের নাম | লেখক |
|---|---|---|---|
| Clash of Civilization | স্যামুয়েল পি. হান্টিংটন | Hard Choice | হিলারি ক্লিনটন |
| The third Wave | স্যামুয়েল পি. হান্টিংটন | Dreams from My Father | বারাক ওবামা |
| Das Kapital | কার্ল মার্কস | A long walk to Freedom | নেলসন ম্যান্ডেলা |
| Identity and Violence | অমর্ত্য সেন | A Brief History of Time | স্টিফেন হকিং |
| The Idea of Justice | অমর্ত্য সেন | Social Contract | রুশো |
| My Life | বিল ক্লিনটন | The Prince | নিকোলো ম্যাকিয়াভেলি |

সঠিক উত্তর ঃ গ.

১৩. যুক্তরাষ্ট্রে নির্বাচনী কলেজের ভোট সংখ্যা-
ক. ৫৩৮ খ. ৫২০
গ. ৫৯০ ঘ. ৫২৯

ব্যাখ্যা: • ইলেক্টোরাল কলেজ বা নির্বাচনী কলেজ হচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচক মন্ডলী।
• যুক্তরাষ্ট্রের মোট ইলেক্টোরাল ভোট - ৫৩৮ টি।
• প্রেসিডেন্ট নির্বাচিত হওয়া জন্য কমপক্ষে ২৭০ টি ইলেক্টোরাল ভোট পেতে হয়।
• ইলেক্টোরাল ভোট সবচেয়ে বেশি ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে (৫৫ টি)।
সঠিক উত্তর ঃ ক.

১৪. তাইওয়ানের প্রথম নারী রাষ্ট্রপতির নাম-
ক. ওয়াং লি খ. মিং কিন
গ. সাই ইং-উয়েন ঘ. হুং সিউ চু

ব্যাখ্যা: দেশভিত্তিক প্রথম নারী রাষ্ট্রপতি-

| দেশ | প্রথম নারী রাষ্ট্রপতি | দেশ | প্রথম নারী রাষ্ট্রপতি |
|---|---|---|---|
| তাইওয়ান | সাই ইং-উয়েন | আর্জেন্টিনা | ইসাবেলা পেরন |
| ইন্দোনেশিয়া | মেঘবতী সুকর্ন পুত্রী | ফিলিপাইন | কোরাজন একুইনো |
| ভারত | প্রতিভা পাতিল | ব্রাজিল | দিলমা রউসেফ |
| নেপাল | বিদ্যাদেবী ভান্ডারী | শ্রীলংকা | চন্দ্রিমা কুমারাতুঙ্গা |

সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৫. ভারতের কোন রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁর রাজ্যে বন্যার জন্য ফারাক্কা বাঁধকে দায়ী করেছেন?**

ক. বিহারের মুখ্যমন্ত্রী খ. ত্রিপুরার মুখ্যমন্ত্রী
গ. পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী ঘ. আসামের মুখ্যমন্ত্রী

**ব্যাখ্যা:** • ২০১৬ সালে বিহার রাজ্যে বন্যার জন্য বিহারে মুখ্যমন্ত্রী নিতিশ কুমার ফারাক্কা বাঁধকে দায়ী করেন এবং এটি বিলুপ্তির আবেদন জানান।
• ১৯৭৫ সালে ভারত গঙ্গা নদীর উপর নির্মিত ফারাক্কা বাঁধ পরীক্ষামূলক ভাবে চালু করে।
• বাংলাদেশ-ভারত গঙ্গার পানি বন্টন চুক্তি (৩০ বছর মেয়াদি) কার্যকর হয় - ৪ নভেম্বর ১৯৯৭।
**সঠিক উত্তর ঃ ক.**

**১৬. কোন দেশটি ইউরো মুদ্রাঞ্চলের অন্তর্ভুক্ত নয়?**

ক. যুক্তরাজ্য খ. ডেনমার্ক গ. সুইডেন ঘ. সবকটি

**ব্যাখ্যা:** • ইউরো মুদ্রা চালু হয় - ১ জানুয়ারি ১৯৯৯।
• ইউরো মুদ্রার জনক - রবার্ট মুন্ডেল।
• ইউরোপীয় ইউনিয়নভুক্ত ১৯টি দেশে ইউরো মুদ্রা চালু আছে।
• ইউরোপীয় ইউনিয়ন (EU) ভুক্ত হয়েও ইউরো মুদ্রা চালু করেনি এমন দেশগুলো হচ্ছে ঃ- যুক্তরাজ্য, ডেনমার্ক, সুইডেন, চেক প্রজাতন্ত্র, হাঙ্গেরি, পোল্যান্ড, বুলেগেরিয়া, রোমানিয়া ও ক্রোয়েশিয়া।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৭. 'কপ ২১' সম্মেলন কিসের সাথে সম্পর্কিত?**

ক. বিশ্ব পরিবেশ পরিবর্তন খ. বিশ্ব সন্ত্রাসবাদ
গ. পুলিশের আধুনিকায়ন ঘ. দারিদ্র্য বিমোচন

**ব্যাখ্যা:** Cop - 21 সম্মেলন বা Climate Change Conference in Paris অনুষ্ঠিত হয় - ২০১৫ সালে (প্যারিস, ফ্রান্স)।
**সঠিক উত্তর ঃ ক.**

**১৮. কোন দেশটি ন্যাটোর সদস্য নয়?**

ক. অস্ট্রেলিয়া খ. দক্ষিণ কোরিয়া গ. জাপান ঘ. সবগুলো

**ব্যাখ্যা:** • NATO (North Atlantic Treaty Organization) প্রতিষ্ঠিত হয় - ৪ এপ্রিল ১৯৪৯।
• বর্তমান সদর দপ্তর - ব্রাসেলস, বেলজিয়াম (১৯৬৭ সালের পূর্বে ছিল - প্যারিস, ফ্রান্স এবং ১৯৫২ সালের পূর্বে প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর - লন্ডন ব্রিটেন।
• বর্তমান সদস্য দেশ - ২৮টি [আলবেনিয়া, ক্রোয়েশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, বেলজিয়াম, কানাডা, ফ্রান্স, ডেনমার্ক, আইসল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, নরওয়ে, পর্তুগাল, গ্রিস, তুরস্ক, জার্মানি, স্পেন, পোল্যান্ড, হাঙ্গেরি, চেক প্রজাতন্ত্র, বুলগেরিয়া, এস্তোনিয়া, লিথুয়ানিয়া, লাটভিয়া, রোমানিয়া, স্লোভাকিয়া ও স্লোভেনিয়া]।
• ন্যাটোভুক্ত মুসলিম দেশ - ২টি (আলবেনিয়া ও তুরস্ক)।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৯. ২০১৯ আইসিসি ক্রিকেট বিশ্বকাপের উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হবে কোথায়?**

ক. লর্ডস খ. দ্য ওভাল গ. সোফিয়া গার্ডেনস ঘ. ওল্ড ট্রাফোর্ড

**ব্যাখ্যা:** • ১২ তম বিশ্বকাপ ক্রিকেটের আয়োজক দেশ - ইংল্যান্ড (৩০ মে - ১৫ জুলাই ২০১৯)।
• উদ্বোধনী খেলার ভেন্যু - দি ওভাল, লন্ডন।
• ১৩ তম বিশ্বকাপ ক্রিকেটের আয়োজক দেশ - ভারত ২০২৩ সালে।
**সঠিক উত্তর ঃ খ.**

**২০. অলিভ পর্বতটি কোথায় অবস্থিত?**

ক. পাকিস্তান খ. ইয়েমেন গ. ইরাক ঘ. জেরুজালেম

**ব্যাখ্যা: উল্লেখযোগ্য পর্বত-**

| পর্বত | অবস্থান | পর্বত | অবস্থান |
|---|---|---|---|
| অলিভ | জেরুজালেম | ফুজিয়ামা | জাপান |
| অন্নপূর্ণা | নেপাল | মনালোয়া | যুক্তরাষ্ট্র |
| শ্বেত পর্বত | প্রশান্ত মহাসাগর | গডউইন অস্টিন বা k2 | পাকিস্তান ও চীন |
| কানকার পুনসুম | ভুটান ও তিব্বত সীমান্ত | নাঙ্গা পর্বত | ভারত |

**সঠিক উত্তর ঃ ঘ.**

**২১. জাতিসংঘের পরবর্তী মহাসচিব হচ্ছেন-**

ক. আইরিনা বকোভা খ. হেলেন ক্লার্ক
গ. আইগর লুকসিক ঘ. আন্তোনিও গুতেরেস

**ব্যাখ্যা:** • জাতিসংঘের ৯ম ও বর্তমান মহাসচিব-অ্যান্টনিও ও তেরেস।
• তিনি পতুগালের (ইউরোপ) নাগরিক এবং রোমান ক্যাথলিক ধর্মের অনুসারী।
• দায়িত্ব গ্রহণ - ১ জানুয়ারি ২০১৭।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**২২. রাডারের নজর এড়াতে সক্ষম মার্কিন যুদ্ধ-বিমানের নাম কী?**

ক. স্টেলথ খ. হকার হারিকেন
গ. সি-১৩০ ঘ. ডি হাভিল্যান্ড মসকিটো

**ব্যাখ্যা:** স্টেল্থ বিমান এক ধরণের বিশেষ বিমান যা রাডারকে ফাকি দিতে সক্ষম এবং এটিতে এমন বিশেষ প্রযুক্তি ব্যবহার করা হয়েছে যার ফলে দৃশ্যমান, শাব্দিক, অবলোহিত তরঙ্গ এবং বেতার তরঙ্গ দ্বারা এর অবস্থান নির্ণয় করা যায় না।
**সঠিক উত্তর ঃ ক.**

**২৩. বিশ্বগ্রাম ধারণাটির প্রবক্তা কে?**

ক. মার্শাল ম্যাকলুহান খ. রবার্ট ম্যাকনামারা
গ. ফুয়াদ মাসুম ঘ. ইভান্স পল

**ব্যাখ্যা: বিভিন্ন বিষয়ের প্রবক্তা বা জনক-**

| বিষয় | জনক/প্রবক্তা | বিষয় | জনক/প্রবক্তা |
|---|---|---|---|
| বিশ্বগ্রাম ধারণা | মার্শাল ম্যাকলুহান | রাষ্ট্র বিজ্ঞান | এরিস্টটল |
| আমলাতন্ত্র | ম্যাক্স ওয়েবার | আধুনিক রাষ্ট্রবিজ্ঞান | নিকোলো ম্যাকিয়াভেলি |
| গণতন্ত্র | এরিস্টটল | ফ্যাসিজম | মুসোলিনী |
| আধুনিক গণতন্ত্র | জন লক | ইতিহাস | হেরোডটাস |
| মনোবিজ্ঞান | ড. উইলহেম উন্ড | বিজ্ঞানসম্মত ইতিহাস | থুকি ডাইসিস |

**সঠিক উত্তর ঃ ক.**

**২৪. তুরস্ক সম্পর্কে কোনটি সঠিক?**

ক. এটি উপসাগরীয় সহযোগিতা কাউন্সিলের সদস্য
খ. এটি আরব লীগের সদস্য
গ. এটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য
ঘ. এটি ন্যাটো জোটের সদস্য

**ব্যাখ্যা:** • তুরস্ক ন্যাটোভুক্ত ২টি মুসলিম দেশের (আলবেনিয়া ও তুরস্ক) একটি।
• তুরস্ক দুটি মহাদেশে (এশিয়া-ইউরোপ) অবস্থিত ইস্তানবুল শহরটি দুই মহাদেশে অবস্থিত]।
• ইউরেশিয়ান রাষ্ট্র হিসেবে পরিচিত - তুরস্ক
• আধুনিক তুরস্কের জনক - মোস্তফা কামাল আতাতুর্ক
• ট্রয় নগরী অবস্থিত তুরস্কে। বৃহত্তম শহর - ইস্তানবুল।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**২৫. আফ্রিকার কোন দেশটি দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ক-এ পর্যবেক্ষক মর্যাদা ভোগ করছে?**

ক. দক্ষিণ আফ্রিকা খ. জিম্বাবুয়ে
গ. নাইজেরিয়া ঘ. মরিশাস

**ব্যাখ্যা:** • SAARC (South Asian Association for Regional Co-operation) প্রতিষ্ঠিত হয় - ৮ ডিসেম্বর।
• সার্ক সচিবালয় - কাঠমুন্ডু নেপাল।
• সার্ক ভুক্ত - ৮টি দেশ- বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ ও আফগানিস্তান।
• সার্কের পর্যবেক্ষক দেশ ও সংস্থা ঃ- চীন, জাপান, মরিশাস, যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, ইরান, মিয়ানমার, অস্ট্রেলিয়া ও ইউরোপীয় ইউনিয়ন।
**সঠিক উত্তর ঃ ঘ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার